

মার্চ

কামাল চৌধুরী

আকাশে বাতাসে মার্চের বরাভয়
মার্চ এসে গেছে জনতার চিৎকারে
প্রতিবাদী দেশ, প্রতিবাদী জনগণ
মার্চ এসে গেছে বাংলার ঘরে ঘরে ।

মার্চ এসে গেছে হাজারো নদীর স্রোতে
নৌকোজীবন, লৌকিক সাম্পানে
পদ্মা-মেঘনা-যমুনা নদীর তীরে
মার্চ এসে গেছে মহামুক্তির গানে ।

আমার ঠিকানা নদ-নদীদের দেশে
পিতৃপুরুষ বাঙালি মাছে ও ভাতে
তবুও আমার শ্যামল শরীর রাগী
মার্চ এসে গেছে শব্দিত পদাঘাতে ।

মার্চ এসে গেছে প্রতিরোধী লাঠি হাতে
সবুজে ও লালে মানচিত্রের রোদে
দুহাতে নতুন প্রাণের পতাকা নিয়ে
মার্চ এসে গেছে কোটি মানুষের ক্রোধে ।

মার্চ এসে গেছে রেসকোর্স মাঠে আজ
লক্ষ জনতা; ভয় কী বন্ধু জাগো
মুজিব নামের রাখাল বাজার ডাকে
স্বাধীন পতাকা উড়ছে আকাশে মাগো ।

মার্চ এসে গেছে শেখ মুজিবের নামে
মার্চের ভাষা সাহসের তর্জনী
জনসমুদ্রে স্বাধীনতা স্বাধীনতা
আকাশে বাতাসে জয়বাংলার ধ্বনি ।

ওরা ভেবেছিল হত্যাই শেষ কথা
পাকি হানাদার গণহত্যায় মাতে
রুমি নজরুল লাখো শহিদের খুনে
মার্চ এসে গেছে যুদ্ধ অস্ত্র হাতে ।

এই মার্চ মানে মুক্তি ও স্বাধীনতা
এই মার্চ মানে বাঙালির জয়গান
স্বদেশ আমার, সাহসে ও সংগ্রামে
আমরা সবাই মার্চের সন্তান ।